



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
ভেড়ামারা, কুষ্টিয়া
www.dae.bheramara.kushtia.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং: ১২.০১.৫০১৫.০০১.০০০.০৪.০০০১.২৬.৫৬৫

তারিখ: ২৮/০৬/২০২৬ খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, আমলী আদালত, ভেড়ামারা, কুষ্টিয়া এর স্মারক নং- ৫৬০১(৩)/১, তারিখ: ২৩/০৬/২০২৬ খ্রি. মোতাবেক ভেড়ামারা থানা, কুষ্টিয়ায় জন্মকৃত ডিএপি (DAP) সার প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে।

ক্রমিক নং	মালামালের বিবরণ	মালামালের পরিমাণ
১	ডিএপি (DAP) সার ১ বস্তা = ৫০ কেজি	৪৪০ বস্তা (২২ টন)

নিলামের স্থান: ভেড়ামারা থানা কার্যালয়, কুষ্টিয়া।

তারিখ: ৩০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

সময়: বিকাল ৩:০০ ঘটিকা

উক্ত নিলাম ডাকে অগ্রহী ব্যক্তিগণকে নিলামে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী

- সার (ব্যবস্থাপনা) আইন ২০০৬ এর ধারা ৮(১) অনুসারে নিলাম ডাকে অংশগ্রহণকারীকে অবশ্যই ভেড়ামারা উপজেলার বৈধ বা নবায়কৃত বিসিআইসি/বিএডিসি সার ডিলার হতে হবে।
- নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে দুপুর ০২.০০ ঘটিকার মধ্যে ৫০০০ (পাঁচ হাজার) টাকা (নগদ) ফেরতযোগ্য জামানত হিসেবে আবেদনের সাথে জমা দিয়ে নাম তালিকাভুক্ত করতে হবে।
আবেদনের সময় যা যা লাগবে-
ক) আবেদন ফরম (উপজেলা কৃষি অফিস থেকে সরবরাহ করা হবে)
খ) জামানতের টাকা
গ) বৈধ/হালনাগাদকৃত বিসিআইসি/বিএডিসি সার ব্যবসার লাইসেন্স-এর ফটোকপি
- সর্বোচ্চ নিলাম ডাককারী কর্তৃক নিলাম ডাকের সমুদয় টাকা নিলাম শেষ হওয়ার সাথে সাথে নগদে নিলাম কমিটির নিকট পরিশোধ করতে হবে। কোনো কারণে তিনি সমুদয় টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে তার জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে চূড়ান্ত হিসেবে বিবেচনা করা হবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হবে।
- নিলামে ডাকের ভিত্তি দর (বেস প্রাইস) ভ্যাট ও আইটিসহ নির্ধারিত হবে।
- নিলামের টাকা পরিশোধ করার পর সম্পূর্ণ মালামাল অর্থাৎ ৪৪০ বস্তা (২২ টন) ডিএপি (DAP) সার ২৪ ঘণ্টার মধ্যে নিজ খরচে ভেড়ামারা থানা কার্যালয়, কুষ্টিয়া থেকে নিজ গুদামে নিয়ে যেতে হবে।
- মালামালের মান সম্পর্কে কোনো অভিযোগ গ্রহণযোগ্য হবে না।
- নিলামে ক্রয়কৃত সার সরকার নির্ধারিত মূল্যে প্রকৃত কৃষকের কাছে বিক্রয় করতে হবে এবং উপযুক্ত প্রমাণক হিসাবে কৃষকের তালিকা সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে যা নিলাম কমিটির কাছে দাখিল করতে হবে।
- একাধিক ডাককারী যদি একই নিলাম মূল্যে নিলাম ডাকে তাহলে লটারীর মাধ্যমে তা নিষ্পত্তি করা হবে।
- নিলাম ডাকের ব্যাপারে যেকোনো বিষয়ে সার নিলাম কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


২৮/০৬/২০২৬
মাহমুদা সুলতানা
উপজেলা কৃষি অফিসার ও
আহবায়ক, সার নিলাম কমিটি
ভেড়ামারা, কুষ্টিয়া
ফোন: ০২৪৭৭৭৮৪৯১৯
E-mail: uaodaebheramara@gmail.com